

ড্রাগন সুয়েটারের দীর্ঘদিনের সমস্যার সমাধান করলেন শ্রম প্রতিমন্ত্রী  
ঢাকা, ১৫ ডিসেম্বরঃ

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ানের আন্তরিকতা প্রচেষ্টায় ড্রাগন সুয়েটার লিঃ এর দীর্ঘদিনের শ্রমিকদের বেতন-ভাতা নিয়ে সৃষ্ট সমস্যার সমাধান হয়েছে।

আজ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলনক্ষেত্রে শ্রম প্রতিমন্ত্রীর সভাপতিত্বে সরকার, ড্রাগন সুয়েটার কর্তৃপক্ষ, তৈরি পোশাক শিল্পের সংগঠন সমূহের প্রতিনিধি, শ্রমিক নেতৃবৃন্দের এক যৌথ সভায় দীর্ঘ আলোচনার প্রেক্ষিতে উভয় পক্ষের সমঝোতায় এ সমস্যার সমাধান করা হয়।

সভাপতির বক্তৃতায় শ্রম প্রতিমন্ত্রী বলেন, ড্রাগন সুয়েটারে কর্মরত শ্রমিকদের বকেয়া বেতন ভাতা কি হিসেবে প্রদান করা হবে এনিয়ে বেশ কিছু দিন ধরে মালিক শ্রমিকদের মধ্যে এক ধরনের অসন্তোষ বিরাজ করছিল। এ বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন এর পরপরই বাংলাদেশ শ্রমিক আইনে শ্রমিকদের বেতন নির্ধারণের বিষয়টি স্পষ্ট করে দিয়েছেন।

শ্রমিকদের বকেয়া বেতন ভাতা নিয়ে ড্রাগন সুয়েটারে সমস্যা দেখা দিলে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়ে উভয় পক্ষ বেশ কয়েকবার বৈঠকে সূষ্ঠ সমাধান না হওয়ায় গত ১ ডিসেম্বর শ্রম প্রতিমন্ত্রী সরকার, মালিকদের সংগঠন এবং শ্রমিক নেতৃবৃন্দকে দিয়ে কমিটি করে দিয়েছিলেন। কমিটির রিপোর্টের ভিত্তিতে উভয় পক্ষের লাভালাভের বিষয়টি মাথায় রেখে শ্রম আইনের আলোকে সূষ্ঠ সমাধান করা হয়েছে। ড্রাগন সুয়েটার কর্তৃপক্ষ খুব দ্রুতই শ্রমিকদের বকেয়া পাওনাদি পরিশোধ করবেন বলে প্রতিমন্ত্রী আশা প্রকাশ করেন।

সভায় মন্ত্রণালয়ের সচিব কে এম আব্দুস সালাম, অতিরিক্ত সচিব ড. রেজাউল হক, শ্রম অধিদপ্তরের পরিচালক মো. আমিনুল ইসলাম, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যুগ্ম মহাপরিদর্শক মো. শামসুল আলম খান, ঢাকা জেলার উপ-মহাপরিদর্শক মো.সালাহ উদ্দিন, বিকেএমইএ এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ হাতেম, ড্রাগন সুয়েটার এর মালিক মো. আব্দুল কুদ্দুস, বিজিএমইএ এর পরিচালক এ এন এম সাইফুদ্দিন, শ্রমিক নেতা মনু ঘোষ, জলি তালুকদারসহ শ্রম মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উচ্চতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com